


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
**www.bpsc.gov.bd**

# নিয়োগ বিজ্ঞপ্তি

নম্বর ৮০.০০.০০০০.৩০১.০৭৩.০১.২০১৮-১৯২

তারিখ ঃ ২৫ ভাদ্র ১৪২৫ / ০৯ সেপ্টেম্বর ২০১৮

**বিজ্ঞপ্তি নম্বর (৬৮-৮২)/২০১৮**

পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা নিম্নলিখিত পদসমূহে সরাসরি নিয়োগের জন্য যোগ্য প্রার্থীদের নিকট হতে অনলাইনে আবেদনপত্র আহবান করছেন ঃ

| **বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ও ইউনিট** | **পদের নাম ও সংখ্যা** | **মন্ত্রণালয়/ বিভাগ** | **বেতন স্কেল** | **ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা** | **অভিজ্ঞতা ও অন্যান্য** | **শিক্ষাগত যোগ্যতার স্নাতকোত্তর/ স্নাতক/ ডিপ্লোমা বিষয়ক বিষয় কোড** | **বয়সঃ ০১.০৯.১৮ তারিখে বয়স** |
|---|---|---|---|---|---|---|---|
| **১.** | **২.** | **৩.** | **৪.** | **৫.** | **৬.** | **৭.** | **৮.** |
| ক্রমিক নম্বর-৬৮ ইউনিট-৬ | **জুনিয়র বেতার কর্মকর্তা** এর ০১টি [৯ম গ্রেড] স্থায়ী পদ। | নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীন মেরিন একাডেমি। | টাকা-২২,০০০-৫৩,০৬০/- (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/সুবিধাদি। | মেরিটাইম রেডিও কমিউনিকেশন (জেনারেল) অথবা সমমানের সার্টিফিকেটসহ বিদেশগামী জাহাজে বেতার কর্মকর্তা হিসাবে ০১ বছরের অভিজ্ঞতা;<br>অথবা<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে রেডিও ইলেকট্রোনিক্স এ এম,এস,সি তে প্রথম শ্রেণি/রেডিও ইলেকট্রোনিক্স এ ২য় শ্রেণির অনার্সসহ ২য় শ্রেণির এম.এস.সি/বি.এস.সি ইঞ্জিনিয়ারিং (ইলেকট্রোনিক্স)। জাহাজে চাকুরিতে ০১ বছরের অভিজ্ঞতা অগ্রগণ্য। | বিদেশগামী জাহাজে বেতার কর্মকর্তা হিসাবে ০১ বছরের অভিজ্ঞতা;<br>অথবা<br>জাহাজে চাকুরিতে ০১ বছরের অভিজ্ঞতা অগ্রগণ্য। | ৩০৭<br>৩২৭<br>৩২৮ | সর্বোচ্চ ৩০ বছর। |

| বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ও ইউনিট | পদের নাম ও সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ | বেতন স্কেল | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা ও অন্যান্য | শিক্ষাগত যোগ্যতার স্নাতকোত্তর/ স্নাতক/ ডিপ্লোমা বিষয়ক বিষয় কোড | বয়সঃ ০১.০৯.১৮ তারিখে বয়স |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | ২. | ৩. | ৪. | ৫. | ৬. | ৭. | ৮. |
| ক্রমিক নম্বর-৬৯ ইউনিট-২ | **তদন্ত কর্মকর্তা** এর ০৩টি [৯ম গ্রেড অস্থায়ী পদ। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীন ইলেট্রনিক স্বাক্ষর সার্টির্ফিকেট প্রদানকারী কর্তৃপক্ষ নিয়ন্ত্রক (সিসিএ) এর কার্যালয়। | টাকা-২২,০০০-৫৩,০৬০/- (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/ সুবিধাদি। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আইন বিষয়ে ০৪ বছর মেয়াদি দ্বিতীয় শ্রেণির স্নাতক ডিগ্রি থাকতে হবে। | তথ্য প্রযুক্তি কাজে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। | ১৩৪ | সর্বোচ্চ ৩০ বছর। |
| ক্রমিক নম্বর-৭০ ইউনিট-৫ | **বিদ্যুৎ পরিদর্শক** এর ০৫টি [৯ম গ্রেড] স্থায়ী/অস্থায়ী পদ। | বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের বৈদ্যুতিক উপদেষ্টা ও প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর | টাকা-২২,০০০-৫৩,০৬০/- (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/ সুবিধাদি। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের গ্রেড বা সিজিপিএ প্রাপ্ত ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক প্রকৌশল বিষয়ে অন্যূন স্নাতক ডিগ্রিধারী | ক. উপকেন্দ্র স্থাপন, ইলেকট্রিক্যাল টেস্টিং, জেনারেশন ট্রান্সমিশন এবং ব্যবহারের উপর অন্যূন ০১ বছরের বাস্তব অভিজ্ঞতা<br>এবং<br>খ. কম্পিউটার ব্যবহারে দক্ষতা। | ৩০৬ | সর্বোচ্চ ৩০ বছর। |
| ক্রমিক নম্বর-৭১ ইউনিট-১১ | **ইন্সট্রাক্টর (সাধারণ)** এর ৭৭টি [৯ম গ্রেড] অস্থায়ী পদ। | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের রাজস্বখাতে সৃজিত পদ। | টাকা-২২,০০০-৫৩,০৬০/- (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/ সুবিধাদি। | মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় ২য় বিভাগে উত্তীর্ণ; এবং কোনো স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হতে ২য় শ্রেণির স্নাতক ডিগ্রিসহ ২য় শ্রেণির এমএড ডিগ্রি অথবা ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রিসহ ২য় শ্রেণির বি.এড ডিগ্রি। | - | ১০১ থেকে ৩৯৩ | সর্বোচ্চ ৩০ বছর। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪৫ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বিভাগীয় প্রার্থী বলতে পরীক্ষণ বিদ্যালয়ের যেকোনো শিক্ষক। |

| বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ও ইউনিট | পদের নাম ও সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ | বেতন স্কেল | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা ও অন্যান্য | শিক্ষাগত যোগ্যতার স্নাতকোত্তর/ স্নাতক/ ডিপ্লোমা বিষয়ক বিষয় কোড | বয়সঃ ০১.০৯.১৮ তারিখে বয়স |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | ২. | ৩. | ৪. | ৫. | ৬. | ৭. | ৮. |
| ক্রমিক নম্বর-৭২ ইউনিট-৮ | **ডাটা এনালিস্ট** এর ০১টি [৯ম গ্রেড] অস্থায়ী পদ। | কৃষি মন্ত্রণালয় | টাকা-২২,০০০-৫৩,০৬০/- (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/ সুবিধাদি। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে কম্পিউটার সায়েন্স বিষয়ে অন্যূন ৪ (চার) বছর মেয়াদি বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি বা যেকোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪ (চার) বছর মেয়াদি বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি;<br>অথবা<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পদার্থ বিজ্ঞান বা ফলিত পদার্থ বিজ্ঞান বা গণিত বা পরিসংখ্যান বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪(চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি;<br>অথবা<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পদার্থ বিজ্ঞান বা ফলিত পদার্থ বিজ্ঞান বা গণিত বা পরিসংখ্যান বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকসহ প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; | ক. স্ট্যান্ডার্ড এপটিচিউড টেস্ট এ উত্তীর্ণ হতে হবে;<br>এবং<br>খ. কম্পিউটার পরিচালনায় দক্ষতা। | ৩০১<br>থেকে<br>৩৩০<br>১১৪<br>১৪৭<br>১০৪<br>১০৫<br>১৩৯<br>১৫৯<br>৯৯৩ | সর্বোচ্চ ৩০ বছর। |
| ক্রমিক নম্বর-৭৩ ইউনিট-১ | **উপসহকারী প্রকৌশলী (যান্ত্রিক)** এর ১৪টি **[১০ম গ্রেড]** স্থায়ী পদ। | সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের অধীন সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সড়ক ও জনপথ অধিদপ্তর | টাকা-১৬,০০০-৩৮,৬৪০/- (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/সুবিধাদি। | কোনো স্বীকৃত ইনস্টিটিউট হতে মেকানিক্যাল বা পাওয়ার বা অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং এ ৪ বছর মেয়াদি ডিপ্লোমা। | - | **১৩**<br>**১৪**<br>**২২** | সর্বোচ্চ ৩০ বছর। |

| বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ও ইউনিট | **পদের নাম ও সংখ্যা** | **মন্ত্রণালয়/বিভাগ** | **বেতন স্কেল** | **ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা** | **অভিজ্ঞতা ও অন্যান্য** | **শিক্ষাগত যোগ্যতার স্নাতকোত্তর/ স্নাতক/ ডিপ্লোমা বিষয়ক বিষয় কোড** | **বয়সঃ ০১.০৯.১৮ তারিখে বয়স** |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | ২. | ৩. | ৪. | ৫. | ৬. | ৭. | ৮. |
| ক্রমিক নম্বর-৭৪ ইউনিট-৬ | **নার্স** এর ০২টি [১০ম গ্রেড] অস্থায়ী পদ। | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের অধীন বাংলাদেশ কোস্ট গার্ড। | টাকা-১৬,০০০-৩৮,৬৪০/- (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/সুবিধাদি। | ক. কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হতে ০৩ বছর মেয়াদি অন্যূন ২য় শ্রেণির ডিপ্লোমা ইন নার্সিং কোর্সের সনদপ্রাপ্ত;<br>খ. কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হতে ০১ বছর মেয়াদি অন্যূন ২য় শ্রেণির ডিপ্লোমা ইন মিডওয়াইফারী কোর্সের সনদপ্রাপ্ত; এবং<br>গ. বাংলাদেশ নার্সিং কাউন্সিল কর্তৃক সনদপ্রাপ্ত। | - | ২০ | সর্বোচ্চ ৩০ বছর। |
| ক্রমিক নম্বর-৭৫ ইউনিট-৫ | **নিরাপত্তা কর্মকর্তা** এর ০৩টি [১০ম গ্রেড] স্থায়ী পদ। | বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ ভূ- তাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি) | টাকা-১৬,০০০-৩৮,৬৪০/- (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/সুবিধাদি। | স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি। তবে প্রতিরক্ষা বাহিনীর প্রাক্তন এনসিও/জেসিও অথবা সমমানের পদধারীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পর্যন্ত শিথিলযোগ্য। | নিরাপত্তা সংক্রান্ত কাজ, সম্পত্তি নিয়ন্ত্রণ ও রক্ষণাবেক্ষণ কাজে অভিজ্ঞতা থাকতে হবে। | ১০১ থেকে ৩৯৩ | সর্বোচ্চ ৩০ বছর। |
| ক্রমিক নম্বর-৭৬ ইউনিট-৬ | **ফোরম্যান** এর ০৪টি [১০ম গ্রেড] স্থায়ী/অস্থায়ী (০১টি স্থায়ী ও ০৩ অস্থায়ী) পদ। | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের অধীন ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর। | টাকা-১৬,০০০-৩৮,৬৪০/- (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/সুবিধাদি। | স্বীকৃত কোনো ইনস্টিটিউট হতে অটোমোবাইল/মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমা। | ভারী গাড়ি চালনার বৈধ লাইসেন্সসহ গাড়ি রক্ষণাবেক্ষণ কাজে ০২ বছরের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। | ১৩<br>২২ | সর্বোচ্চ ৩০ বছর। |

| বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ও ইউনিট | পদের নাম ও সংখ্যা | মন্ত্রণালয়/ বিভাগ | বেতন স্কেল | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা ও অন্যান্য | শিক্ষাগত যোগ্যতার স্নাতকোত্তর/ স্নাতক/ ডিপ্লোমা বিষয়ক বিষয় কোড | বয়সঃ ০১.০৯.১৮ তারিখে বয়স |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | ২. | ৩. | ৪. | ৫. | ৬. | ৭. | ৮. |
| ক্রমিক নম্বর-৭৭ ইউনিট-৬ | **ফোরম্যান (উপসহকারী প্রকৌশলী)** এর ০১টি [১০ম গ্রেড] স্থায়ী পদ। | নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীন মেরিন একাডেমি। | টাকা-১৬,০০০-৩৮,৬৪০/- (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/সুবিধাদি। | কোনো স্বীকৃত পলিটেকনিক ইনস্টিটিউট হতে যান্ত্রিক/শক্তি কৌশল বা অটোবোমাইল প্রকৌশল এ ডিপ্লোমা। | যেকোনো স্বীকৃত প্রাপ্ত ওয়ার্কশপে কমপক্ষে ৫ বছরের চাকুরি। | ১৩<br>১৪<br>২২ | সর্বোচ্চ ৩০ বছর। |
| ক্রমিক নম্বর-৭৮ ইউনিট-২ | **ক্যামেরাম্যান** এর ০২টি [১০ম গ্রেড] স্থায়ী পদ। | তথ্য মন্ত্রণালয়ের অধীন চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর | টাকা-১৬,০০০-৩৮,৬৪০/- (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/সুবিধাদি। | Bachelor’s Degree from a recognised University. | 1. At least 5 year’s experience of working independently as Cameraman on full-time basis in a reputed film studio or film producing firm or in a Government Department;<br>2. Thorough knowledge of all aspects of cinematrgraphy in 16mm and 35mm (B&W) and colour;<br>3. Ability of doing indoor and outdoor location shooting on his own initiative;<br>4. Knowledge of lighting sets for indoor coverage and experience in shooting news reels and documentary film; and<br>5. Knowledge of editing and preparation of opticals and title is preferable. | ১০১ থেকে ৩৯৩ | সর্বনিম্ন ২৫ বছর<br>সর্বোচ্চ ৩০ বছর।<br>* সরকারি চাকুরিরত প্রার্থীদের জন্য ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য। |

| বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ও ইউনিট | পদের নাম ও সংখ্যা | মন্ত্রণালয়/ বিভাগ | বেতন স্কেল | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা ও অন্যান্য | শিক্ষাগত যোগ্যতার স্নাতকোত্তর/ স্নাতক/ ডিপ্লোমা বিষয়ক বিষয় কোড | বয়সঃ ০১.০৯.১৮ তারিখে বয়স |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | ২. | ৩. | ৪. | ৫. | ৬. | ৭. | ৮. |
| ক্রমিক নম্বর-৭৯ ইউনিট-৮ | **নার্স** এর ০২টি [১০ম গ্রেড] অস্থায়ী পদ। | কৃষি মন্ত্রণালয় | টাকা-১৬,০০০-৩৮,৬৪০/- (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/সুবিধাদি। | ক. কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হতে নার্সিং বিষয়ে ৪ বছর মেয়াদি ডিপ্লোমা; এবং<br>খ. বাংলাদেশ নার্সিং কাউন্সিল হতে রেজিস্ট্রেশন প্রাপ্ত; | কম্পিউটার পরিচালনায় দক্ষতা। | ১৯ | সর্বোচ্চ ৩০ বছর। |
| ক্রমিক নম্বর-৮০ ইউনিট-৭ | **এস্টিমেটর** এর ০১টি [১০ম গ্রেড] স্থায়ী পদ। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন প্রত্নতত্ত্ব অধিদপ্তর | টাকা-১৬,০০০-৩৮,৬৪০/- (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/সুবিধাদি। | Minimum 2nd Division Diploma in Civil Engineering. | Practical experience in connected works preferred. | ১০ | সর্বোচ্চ ৩০ বছর। |
| ক্রমিক নম্বর-৮১ ইউনিট-৭ | **উপসহকারী প্রকৌশলী (সিভিল)** এর ০৩টি [১০ম গ্রেড] স্থায়ী পদ। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন প্রত্নতত্ত্ব অধিদপ্তর | টাকা-১৬,০০০-৩৮,৬৪০/- (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/সুবিধাদি। | Minimum 2nd Division Diploma in Civil Engineering. | Practical experience in connected works preferred. | ১০ | সর্বোচ্চ ৩০ বছর। |
| ক্রমিক নম্বর-৮২ ইউনিট-৫ | **শ্রম পরিদর্শক (সেফটি)** এর ৩৫টি [১০ম গ্রেড] অস্থায়ী পদ। | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর | টাকা-১৬,০০০-৩৮,৬৪০/- (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/সুবিধাদি। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হতে সিভিল ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বা কনস্ট্রাকশন ইঞ্জিনিয়ারিং বিষয়ে ৪ (চার) বছর মেয়াদী ডিপ্লোমা। | - | ১০<br>১৩<br>১৫<br>২৮<br>২৯ | সর্বোচ্চ ৩০ বছর |

## নির্দেশাবলি ঃ

০১. বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর-৬৮,৬৯,৭০ এবং ৭২ এর নন-ক্যাডার পদগুলো ৯ম গ্রেডের টেকনিক্যাল পদ; প্রার্থীদের বাংলা-৪০, ইংরেজি-৪০, সাধারণ জ্ঞান-৪০ এবং প্রাসঙ্গিক টেকনিক্যাল বিষয়ে-৮০ নম্বরসহ সর্বমোট ২০০ নম্বরের ৪ ঘণ্টার লিখিত পরীক্ষা এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ১০০ নম্বরের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

০২. বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর-৭১ এর পদটি ৯ম গ্রেডের নন-টেকনিক্যাল পদ; প্রার্থীদের বাংলা-৫০, ইংরেজি-৫০, সাধারণ জ্ঞান-৪০ এবং গণিত ও মানসিক দক্ষতা বিষয়ে-৬০ নম্বরসহ সর্বমোট ২০০ নম্বরের ৪ ঘণ্টার লিখিত পরীক্ষা এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ১০০ নম্বরের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

০৩. বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর-৭৩,৭৪,৭৬,৭৭,৭৯,৮০,৮১,৮২ এর পদগুলো ১০ম গ্রেডের টেকনিক্যাল পদ; প্রার্থীদের বাংলা-৪০, ইংরেজি-৪০, সাধারণ জ্ঞান [বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলি]-৪০ এবং প্রাসঙ্গিক টেকনিক্যাল বিষয়ে-৮০ নম্বরসহ সর্বমোট ২০০ নম্বরের ২ ঘণ্টার MCQ ধরনের লিখিত পরীক্ষা এবং উত্তীর্ণ প্রার্থীদের ৫০ নম্বরের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

০৪. বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর-৭৫ ও ৭৮ এর পদসমূহ ১০ম গ্রেডের নন-টেকনিক্যাল পদ; প্রার্থীদের বাংলা-৫০, ইংরেজি-৫০, সাধারণ জ্ঞান [বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলি]-৪০ এবং গণিত ও মানসিক দক্ষতা বিষয়ে-৬০ নম্বরসহ সর্বমোট ২০০ নম্বরের ২ ঘণ্টার MCQ ধরনের লিখিত পরীক্ষা এবং উত্তীর্ণ প্রার্থীদের ৫০ নম্বরের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

## বিশেষ দ্রষ্টব্য ঃ-

**শিক্ষাগত যোগ্যতা অনুযায়ী এক বা একাধিক পদে রেজিস্ট্রেশন করা যাবে। একাধিক পদে রেজিস্ট্রেশন করলে প্রতিটি পদের জন্য আলাদা আলাদা রেজিস্ট্রেশন ফি জমা দিতে হবে।**

১. **অনলাইনে আবেদনপত্র (বিপিএসসি ফরম-5A) পূরণ এবং পরীক্ষার ফি জমাদান শুরু ও শেষ হওয়ার তারিখ ও সময় ঃ**

ক. প্রার্থীদের টেলিটকের Web address : http://bpsc.teletalk.com.bd অথবা বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের Web address : www.bpsc.gov.bd এর মাধ্যমে কমিশন কর্তৃক নির্ধারিত আবেদনপত্র বিপিএসসি ফরম-5A পূরণ করে অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রম এবং ফি জমাদান সম্পন্ন করতে হবে। উল্লিখিত ওয়েবসাইটে প্রবেশ করে Non-Cadre অপশন select করে ক্লিক করলে নন-ক্যাডার বিভিন্ন পদের বিজ্ঞপ্তি, আবেদনপত্র অনলাইনে পূরণ, sms এর মাধ্যমে ফি জমাদান ও প্রবেশপত্র প্রাপ্তি সংক্রান্ত নির্দেশাবলির রেডিও বাটন দৃশ্যমান হবে। ফরম পূরণের পূর্বে প্রার্থী অবশ্যই Instructions এবং বিজ্ঞপ্তি download করে প্রতিটি নির্দেশনা ভালো করে আয়ত্ত করে নিবেন।

**খ. আবেদনপত্র পূরণ ও ফি জমাদান শুরুর তারিখ ও সময় ঃ ১০.০৯.২০১৮ খ্রিঃ, দুপুর ১২.০০টা।**

**গ. আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ঃ ০৮.১০.২০১৮ খ্রিঃ, সন্ধ্যা ৬.০০টা।**

**ঘ.আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ ঃ ০৮.১০.২০১৮ খ্রিঃ, সন্ধ্যা ৬.০০ টার মধ্যে কেবল User ID প্রাপ্ত প্রার্থীগণ উক্ত সময়ের পরবর্তী ৭২ ঘণ্টার মধ্যে (১১.১০.২০১৮ তারিখ, সন্ধ্যা ৬.০০ টা পর্যন্ত) sms এর মাধ্যমে ফি জমা দিতে পারবেন।** নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না।

২. **বয়স ঃ ০১.০৯.২০১৮ খ্রিঃ তারিখ হতে বয়স গণনা হবে।**

ক. সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে বিজ্ঞপ্তিতে উল্লিখিত বয়সসীমা প্রযোজ্য হবে।

খ. মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যাদের এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়স অনূর্ধ্ব ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যার পুত্র/কন্যাদের এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের বয়স অনূর্ধ্ব ৩০ বছর।

গ. যে সকল পদের ক্ষেত্রে বয়সের ঊর্ধ্বসীমা ৩০ বছরের উর্ধ্বে সে সকল পদের ক্ষেত্রে অনুচ্ছেদ ২.খ. প্রযোজ্য হবে না।

৩. **জাতীয়তাঃ-**

ক. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

খ. যেসকল প্রার্থী কোনো অ-বাংলাদেশী নাগরিককে বিবাহ করেছেন অথবা বিবাহ করতে প্রতিশ্রুতিবদ্ধ হয়েছেন সে সকল প্রার্থী সরকারের লিখিত অনুমতি ব্যতিরেকে আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবেন না। সরকারের অনুমতিপত্র লিখিত পরীক্ষার পর বিপিএসসি ফরম-৩ এর সাথে অবশ্যই দিতে হবে।

৪. **ডিক্লারেশন ঃ**

প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের (বিপিএসসি ফরম-5A) ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য বা তার অংশবিশেষ অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে পরীক্ষার পূর্বে বা পরে যেকোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল হবে এবং ভবিষ্যতে কমিশন কর্তৃক গৃহীতব্য যেকোনো নিয়োগ পরীক্ষায় আবেদন করার অযোগ্য ঘোষণাসহ তার বিরুদ্ধে যেকোনো আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

৫. **ছবি (Picture) ঃ** BPSC Form-5A সাফল্যজনকভাবে পূরণ সম্পন্ন হলে Application preview দেখা যাবে। Preview এর নির্ধারিত স্থানে প্রার্থীকে (দৈর্ঘ্য×প্রস্থ) 300×300 pixel এর কম বা বেশি নয় এবং ফাইল সাইজ 100 KB এর বেশি নয় এরূপ মাপের নিজের **সদ্য (দুই মাসের মধ্যে)** তোলা রঙ্গীন ছবি Scan করে jpg format এ upload করতে হবে। **সাদাকালো ও পুরাতন ছবি গ্রহণযোগ্য নয়।** ছবি উল্লিখিত মাপের না হলে আবেদনপত্র বাতিল হবে। সানগ্লাসসহ ছবি গ্রহণযোগ্য হবে না। Home page এর Help Menu তে ক্লিক করলে Photo এবং Signature সম্পর্কে বিস্তারিত নির্দেশনা পাওয়া যাবে।

৬. **স্বাক্ষর (Signature) ঃ** Application Preview'তে স্বাক্ষরের জন্য নির্ধারিত স্থানে (দৈর্ঘ্য×প্রস্থ) 300×80 pixel এর কম বা বেশি নয় এবং ফাইল সাইজ 100 KB এর বেশি নয়, এরূপ মাপের প্রার্থীর স্বাক্ষর Scan করে jpg format এ upload করতে হবে। স্বাক্ষর উল্লিখিত মাপের না হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৭. **পরীক্ষার ফি প্রদান ঃ**

অনলাইনে আবেদনপত্র (BPSC Form-5A) যথাযথভাবে পূরণপূর্বক নির্দেশমতে ছবি এবং Signature upload করে প্রার্থী কর্তৃক আবেদনপত্র submission সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID সহ ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থীকে প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করতে হবে। Applicant's copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং এই User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোনো Teletalk pre-paid mobile নম্বর থেকে SMS করে **পরীক্ষার ফি বাবদ ৫০০/-(পাঁচশত) টাকা জমা দিবেন ।**

প্রথম SMS ঃ BPSC<space>User ID লিখে send করুন 16222 নম্বরে ।

Example : BPSC NCRPQBCR send to 16222

Reply: Applicant's Name, Tk-500 will be charged as application fee. Your PIN is (8 digit number). To pay fee Type BPSC<space>Yes<space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS : BPSC<space>yes<space> pin লিখে send করুন 16222 নম্বরে।

Example : BPSC YES (8 digit number) send to 16222

Reply: Congratulations! Applicant's Name, payment completed successfully for Non-cadre examination. User ID is (xxxxxxxx) and Password (xxxxxxxx).

**বিশেষ দ্রষ্টব্য ঃ** If password is lost, please type BPSC<Space> HELP<Space> SSC Board<Space> SSC Roll<Space>SSC Year and Send to 16222. অথবা টেলিটকের বর্ণিত ওয়েবসাইটে Home page এর Admit Card Menu তে ক্লিক করলে User Recovery, Password Recovery ও Payment Status বাটন দেখা যাবে। উক্ত বাটনে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য দিয়ে Submit করলে কাঙ্ক্ষিত তথ্যাবলি পাওয়া যাবে।

৮. ক. **প্রবেশপত্র (Admit Card) ঃ** প্রার্থী তার User ID এবং Password ব্যবহার করে ছবি ও রেজিস্ট্রেশন নম্বর সংবলিত প্রবেশপত্র (Admit Card) download করতে পারবেন।

খ. বিজ্ঞাপনে উল্লিখিত ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা না থাকলে কোনো প্রার্থী আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবেন না। কোনো প্রার্থী পরীক্ষার ফি জমা দিয়ে Admit card পাওয়ার পর একাধিকবার অনলাইনে Application Form জমা দিতে পারবেন না। কোনো প্রার্থী অনলাইনে আবেদন ফরম পূরণ করে ফি জমাদান সম্পন্ন করলে তার আবেদন চূড়ান্তভাবে গৃহীত হয়েছে বলে গণ্য হবে। প্রার্থী মিথ্যা/ভিন্ন/ভুল তথ্য দিয়ে একাধিকবার ফর্ম পূরণ করে একাধিক Admit Card গ্রহণ করলে এবং প্রক্রিয়ায়ণের যেকোনো স্তরে জালিয়াতি প্রমাণিত হলে এরূপ প্রার্থীর সামগ্রিক প্রার্থিতা বাতিল হবে। উক্ত প্রার্থী ভবিষ্যতে পিএসসি কর্তৃক বিজ্ঞাপিত সকল পদে আবেদনের জন্য অযোগ্য ঘোষিত হবেন এবং উক্ত প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯. **বিপিএসসি ফরম-৩ প্রাপ্তি ঃ বাছাই (MCQ)/লিখিত/ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ কমিশনের Web Address : www.bpsc.gov.bd থেকে বিপিএসসি ফরম-৩ download করে যথাযথভাবে পূরণপূর্বক মৌখিক পরীক্ষার পূর্বে নিম্নোক্ত কাগজপত্র/তথ্যাদিসহ কমিশন কর্তৃক নির্দেশিত সময়ে এবং স্থানে জমা দিবেন ঃ**

১. **শিক্ষাগত যোগ্যতা প্রমাণের জন্য** ঃ শিক্ষাগত যোগ্যতা প্রমাণের জন্য বোর্ড বা বিশ্ববিদ্যালয় হতে অর্জিত সকল সনদ (স্নাতকোত্তর/স্নাতক/বিএসসি/এইচএসসি/ডিপ্লোমা বা সমমানের মূল বা সাময়িক সনদ) এর সত্যায়িত ফটোকপি। মূল সনদের ফটোকপি প্রদানে অপারগ হলে সাময়িক সনদের ফটোকপি গৃহীত হবে। শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ বিশ্ববিদ্যালয় বা সর্বশেষ পরীক্ষার মার্কশিট প্রাথমিকভাবে গ্রহণযোগ্য হবে তবে সাক্ষাৎকার বোর্ডে মূল/সাময়িক সনদ অবশ্যই দাখিল করতে হবে। চার বছর মেয়াদি স্নাতক/স্নাতক সম্মান ডিগ্রিধারী প্রার্থীদের জমাকৃত সনদ/মার্কশিট/টেস্টিমোনিয়াল-এ যদি অর্জিত ডিগ্রির ৪ বছর মেয়াদের সুস্পষ্ট উল্লেখ না থাকে সেক্ষেত্রে অর্জিত ডিগ্রি ৪ বছর মেয়াদি মর্মে বিভাগীয় প্রধান/পরীক্ষা নিয়ন্ত্রক/রেজিস্টার কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় তাদের অর্জিত ডিগ্রি ৩ বছর মেয়াদি হিসেবে গণ্য করা হবে।

২. বয়স প্রমাণের জন্য শিক্ষাবোর্ড কর্তৃক প্রদত্ত এসএসসি/সমমানের মূল/সাময়িতক সনদের সত্যায়িত কপি; "ও" লেভেল এবং "এ" লেভেল ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে জন্ম তারিখ সংবলিত দালিলিক প্রমাণ জমা দিতে হবে। বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৩. কোনো প্রার্থী মুক্তিযোদ্ধা কোটায় আবেদন করলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ১৯/০৬/২০১৭ তারিখের ৪৮.০০.০০০০.০০২.১০.২৬২৪.২০১৭-৭৭২ নং পরিপত্রের নির্দেশনা অনুযায়ী প্রার্থীকে নিম্নোক্ত কাগজপত্র জমা দিতে হবে ঃ

৩.ক. মুক্তিযোদ্ধার নাম সংবলিত "লাল মুক্তিবার্তা" অথবা "ভারতীয় তালিকা"র সত্যায়িত কপি এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের website-এ প্রকাশিত সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার নাম পিতার নাম ও ঠিকানা সংবলিত তালিকা বিপিএসসি ফরম-৩ এর সাথে জমা দিতে হবে। আবেদনে উল্লিখিত মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানার সাথে প্রার্থীর উপস্থাপিত "লাল মুক্তিবার্তা" কিংবা "ভারতীয় তালিকা" অথবা উপস্থাপিত উভয় তালিকার সাথে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের website-এ প্রকাশিত মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা এক ও অভিন্ন হতে হবে।

৩.খ. কোনো মুক্তিযোদ্ধার নাম "লাল মুক্তিবার্তা" কিংবা "ভারতীয় তালিকা"য় না থাকলে প্রার্থীকে মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা সংবলিত

i. গেজেট ও সাময়িক সনদ

অথবা

ii. গেজেট ও মাননীয় প্রধানমন্ত্রী প্রতিস্বাক্ষরিত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ (বামুস) কর্তৃক প্রদত্ত সনদ

অথবা

iii. গেজেট, সাময়িক সনদ, ও বামুস সনদ

এর কপি বিপিএসসি ফরম-৩ এর সাথে জমা দিতে হবে। বিপিএসসি ফরম-৩ এ প্রার্থীর উল্লিখিত মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানার সাথে প্রার্থীর উপস্থাপিত গেজেট ও সাময়িক সনদ/গেজেট ও বামুস সনদ/গেজেট ও সাময়িক সনদ ও বামুস সনদ এর সাথে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের website-এ প্রকাশিত মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা এক ও অভিন্ন হতে হবে।

৩.গ. মুক্তিযোদ্ধার বয়স ৩০/১১/১৯৭১ তারিখ বা তার পূর্বে কমপক্ষে ১২ বছর ৬ মাস ছিল মর্মে সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার বয়সের প্রমাণক বিপিএসসি ফরম-৩ এর সাথে জমা দিতে হবে।

৩.ঘ. জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৬-০১-২০১১ তারিখের ০৫.১৭০.০২২.০৭.০১.০২৪.২০১০-২৬ নং সার্কুলার অনুযায়ী মুক্তিযোদ্ধা এবং উপযুক্ত মুক্তিযোদ্ধা প্রার্থী পাওয়া না গেলে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং পুত্র কন্যা পাওয়া না গেলে পুত্র কন্যাদের পুত্র কন্যাগণ মুক্তিযোদ্ধা কোটায় বিবেচিত হবেন।

৩.ঙ. আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার পুত্র/কন্যা হলে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র কর্তৃক জারীকৃত প্রার্থীর নাম এবং মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার নাম উল্লেখসহ মুক্তিযোদ্ধার সাথে তার সম্পর্কের সুস্পষ্ট প্রত্যয়ন বিপিএসসি ফরম-৩ এর সাথে জমা দিতে হবে।

৪. প্রার্থী ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ভুক্ত হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট হতে প্রাপ্ত সনদের সত্যায়িত ফটোকপি। [জেলা প্রশাসক ব্যতিত অন্যকোনো কর্তৃপক্ষের সনদ গ্রহণযোগ্য নয়]

৫. বিদেশ থেকে অর্জিত ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি/শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের সত্যায়িত ফটোকপি।

৬. সরকার অথবা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরি থেকে ইস্তফাদানকারী অথবা অপসারিত ব্যক্তিদের ক্ষেত্রে ইস্তফাপত্র গ্রহণ অথবা অপসারণ আদেশের সত্যায়িত ফটোকপি।

৭. সরকারি/আধাসরকারি, স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ছাড়পত্রের সত্যায়িত কপি।

৮. আবেদনকারীর স্থায়ী ঠিকানা পরিবর্তিত হলে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে প্রামাণ্য সনদের সত্যায়িত কপি।

৯. অভিজ্ঞতার সনদের কপি (প্রযোজ্য ক্ষেত্রে)।

১০. জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।

১১. এপ্লিকেন্টস্ কপি।

১২. প্রবেশপত্রের কপি।

১৩. প্রতিবন্ধী প্রার্থীদের সমাজসেবা অধিদপ্তর কর্তৃক জারীকৃত প্রতিবন্ধী সনদের সত্যায়িত কপি [পরিচয়পত্র গ্রহণযোগ্য হবে না]।

১৪. ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত কপি।

১০. বাছাই (MCQ)/লিখিত/ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ বিপিএসসি ফরম-৩ নির্ধারিত তারিখের মধ্যে জমা দিতে ব্যর্থ হলে তাদের প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে এবং তারা মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না। বিপিএসসি ফরম-৩ পুঙ্খানুপুঙ্খ যাচাইয়ের পর শুধু যোগ্য প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।

১১. **ক. অনলাইন আবেদনপত্রের (BPSC Form-5A) প্রথম অংশের স্থায়ী ঠিকানার (Permanent Address) district এর ঘরে এবং পরবর্তীতে জমাকৃত বিপিএসসি ফরম-৩ এর স্থায়ী ঠিকানার (Permanent Address) নির্ধারিত স্থানে উল্লিখিত স্থায়ী জেলা এক এবং অভিন্ন হতে হবে এবং উক্ত জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে প্রার্থীকে চাকুরিতে মনোনয়নের জন্য বিবেচনা করা হবে। এক্ষেত্রে ভুল তথ্য প্রদানের জন্য প্রার্থিতা/মনোনয়ন বাতিল হবে। তথ্য সংশোধনের কোনো আবেদন গ্রহণযোগ্য হবে না। BPSC Form-5A এবং পরবর্তীতে প্রদত্ত বিপিএসসি ফরম-৩ তে প্রদত্ত তথ্যে অসঙ্গতি থাকলে BPSC Form-5A এর তথ্য সঠিক হিসেবে পরিগণিত হবে।**

**খ. প্রার্থী কর্তৃক আবেদনপত্রে উল্লিখিত স্থায়ী ঠিকানা (Permanent Address) পরবর্তীতে পরিবর্তিত হলে কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর ঠিকানা ব্যবহার করা হলে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার সপক্ষে প্রাক্তন এবং বর্তমান সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কাউন্সিলর/পৌরচেয়ারম্যান/মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/নোটারি পাবলিক কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র লিখিত পরীক্ষার পূর্বে বিপিএসসি ফরম-৩ এর সাথে জমা দিতে হবে।**

১২. প্রার্থীকে কেবল কমিশনের অনুমোদিত অনলাইন আবেদনপত্র (BPSC Form-5A) পূরণ করে রেজিস্ট্রেশন করতে হবে। মুদ্রিত আবেদনপত্র জমাদানের কোনো সুযোগ নেই।

১৩. প্রার্থীর নাম ও পিতার নাম এসএসসি অথবা সমমানের সনদে যেভাবে লিখা আছে অনলাইন আবেদনপত্রে (BPSC Form-5A) এবং পরবর্তীতে বিপিএসসি ফরম-৩ তে ঠিক সেভাবে লিখতে হবে।

১৪. **যেসকল পদের ক্ষেত্রে প্রার্থীর ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ডিপ্লোমা ডিগ্রি চাওয়া হয় সেক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অতিরিক্ত/উচ্চতর ডিগ্রি থাকলেও আবশ্যিকভাবে ডিপ্লোমা ডিগ্রি থাকতে হবে। ডিপ্লোমা ডিগ্রি অর্জন ব্যতিরেকে সংশ্লিষ্ট বিষয়ে অতিরিক্ত/উচ্চতর ডিগ্রি গ্রহণযোগ্য হবে না।**

১৫. শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সমাজসেবা অধিদপ্তর কর্তৃক জারীকৃত শারীরিক প্রতিবন্ধী সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে; **পরিচয়পত্র গ্রহণযোগ্য হবে না**। কোনো প্রতিবন্ধী প্রার্থী শ্রুতিলেখকের জন্য আবেদন করলে যিনি প্রতিবন্ধী পরীক্ষার্থীকে সহায়তা করবেন তার শিক্ষাগত যোগ্যতা প্রার্থীর চেয়ে নিম্ন গ্রেডের শিক্ষাগত যোগ্যতা হতে হবে। এক্ষেত্রে শ্রুতি লেখক হিসেবে মনোনীত ব্যক্তির ০২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি, শ্রুতিলেখক বর্তমানে অধ্যায়নরত থাকলে সে বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের পরিচয়পত্র ও প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি, শ্রুতিলেখকের প্রয়োজনীয়তা সম্পর্কে ডাক্তারি প্রত্যয়নপত্র ইত্যাদি জমা দিতে হবে।

১৬. **কোনো প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্তের গুরুতর (Substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যেকোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্রে কোনো মিথ্যা তথ্য উল্লেখ করলে আবেদনপত্র বাতিলের পাশাপাশি সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থাও গ্রহণ করা হবে।**

১৭. **বাছাই পরীক্ষা [MCQ Type] ঃ**

ক. ৯ম গ্রেডের টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল পদের আবেদনকারী প্রার্থী সংখ্যা ১০০০ এর বেশি হলে লিখিত পরীক্ষার পূর্বে ১০০ নম্বরের MCQ ধরনের বাছাই পরীক্ষা গ্রহণ করা হবে।

ক.১ **৯ম গ্রেডের টেকনিক্যাল এবং নন-টেকনিক্যাল পদের MCQ Type বাছাই পরীক্ষা ঃ**

ক. প্রার্থীদেরকে ১০০ (একশত) নম্বরের Multiple Choice Question (MCQ) ধরনের বাছাই পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
খ. পরীক্ষায় মোট ১০০ (একশত)টি প্রশ্ন থাকবে। প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ নম্বর পাবেন; ভুল উত্তর দিলে প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ নম্বর কাটা যাবে। পরীক্ষার পূর্ণ সময় ১ ঘণ্টা।
গ. বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান (বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলি), সংশ্লিষ্ট টেকনিক্যাল বিষয়/গণিত ও দৈনন্দিন বিজ্ঞান বিষয়ের প্রশ্ন করা হবে।
ঘ. MCQ Type বাছাই পরীক্ষা উত্তীর্ণ প্রার্থীগণ লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।
ঙ. উত্তরপত্রে প্রশ্নপত্রের যে সেট নম্বর লেখা থাকবে, প্রার্থীকে অবশ্যই সেই সেটের প্রশ্নের উত্তর দিতে হবে। ভিন্ন সেটের প্রশ্নের উত্তর দিলে উত্তরপত্র বাতিল হবে।

**খ.** ১০ম, ১১তম ও ১২তম গ্রেডের টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল পদের ক্ষেত্রে শূন্যপদ এবং প্রার্থী সংখ্যা নির্বিশেষে ২০০ নম্বরের MCQ ধরনের লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে।

**খ.১ ১০ম, ১১তম ও ১২তম গ্রেডের টেকনিক্যাল এবং নন-টেকনিক্যাল পদের MCQ Type লিখিত পরীক্ষা ঃ**

ক. প্রার্থীদেরকে ২০০ (দুইশত) নম্বরের MCQ ধরনের লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
খ. পরীক্ষায় মোট ২০০ (দুইশত)টি প্রশ্ন থাকবে। প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ নম্বর পাবেন; ভুল উত্তর দিলে প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ নম্বর কাটা যাবে। পরীক্ষার পূর্ণ সময় ২ ঘণ্টা।
গ. বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান(বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলি), সংশ্লিষ্ট টেকনিক্যাল বিষয়/গণিত ও মানসিক দক্ষতা বিষয়ের প্রশ্ন করা হবে।
ঘ. MCQ ধরনের লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের প্রযোজ্য ক্ষেত্রে বিধি মোতাবেক ব্যবহারিক এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
ঙ. উত্তরপত্রে প্রশ্নপত্রের যে সেট নম্বর লেখা থাকবে, প্রার্থীকে অবশ্যই সেই সেটের প্রশ্নের উত্তর দিতে হবে। ভিন্ন সেটের প্রশ্নের উত্তর দিলে উত্তরপত্র বাতিল হবে।

১৮. **৯ম গ্রেডের পদের লিখিত পরীক্ষা ঃ**

ক. ৯ম গ্রেডের টেকনিক্যাল এবং নন-টেকনিক্যাল পদের ক্ষেত্রে আবেদনকারী প্রার্থী সংখ্যা ১০০০ বা তার কম হলে অনলাইনে রেজিস্ট্রেশনের পর ২০০ নম্বরের লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের বিপিএসসি ফরম-৩ যথাযথভাবে পূরণ করে বিজ্ঞপ্তির শর্ত অনুযায়ী সকল কাগজপত্র কমিশনের আগারগাঁও, শেরে বাংলানগর ঢাকাস্থ প্রধান কার্যালয়ে জমা দিতে হবে অথবা ডাকযোগে প্রেরণ করতে হবে। প্রতিটি ডকুমেন্টের উপরে অবশ্যই রেজিস্ট্রেশন নম্বর লিখতে হবে।

**ক.১ ৯ম গ্রেডের টেকনিক্যাল পদ ঃ**

ক. ৯ম গ্রেডের টেকনিক্যাল পদের ক্ষেত্রে শূন্য পদে আবেদনকারী প্রার্থী সংখ্যা ১০০০ বা তার কম হলে অনলাইনে রেজিস্ট্রেশনের পর ২০০ নম্বরের লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে।
খ. বাংলা-৪০, ইংরেজি-৪০, সাধারণ জ্ঞান-৪০ এবং প্রাসঙ্গিক টেকনিক্যাল বিষয়ের ৮০ নম্বরসহ মোট ২০০ নম্বরের ৪ ঘণ্টার লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে।
গ. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ১০০ নম্বরের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

খ. **৯ম গ্রেডের নন-টেকনিক্যাল পদ ঃ**

খ.১ ৯ম গ্রেডের নন-টেকনিক্যাল পদের ক্ষেত্রে আবেদনকারী প্রার্থীর সংখ্যা ১০০০ বা তার কম হলে অনলাইনে রেজিস্ট্রেশনের পর ২০০ নম্বরের লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে।
খ.২ বাংলা-৫০, ইংরেজি-৫০, সাধারণ জ্ঞান-৪০ এবং গণিত ও মানসিক দক্ষতা বিষয়ে ৬০ নম্বরসহ মোট ২০০ নম্বরের ৪ ঘণ্টার লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে।
খ.৩ লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ১০০ নম্বরের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১৯. কমিশন সচিবালয়ের ১৮ ফেব্রুয়ারি ২০১৮ তারিখের ৮০.০০.০০০০.৪০৬.১৮.০০৫.১৫.৩৪ নং স্মারকে জারীকৃত অফিস আদেশ অনুযায়ী নন-ক্যাডার ৯ম, ১০ম, ১১তম ও ১২তম গ্রেডের টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল পদের বাছাই, লিখিত ও মৌখিক পরীক্ষার পদ্ধতি, সিলেবাস, নম্বর বণ্টন ও সময় নিম্নরূপ ঃ

**টেকনিক্যাল পদের ক্ষেত্রে পরীক্ষা পদ্ধতি ঃ**

**ক. ৯ম গ্রেডের টেকনিক্যাল পদ ঃ**

ক.১ ৯ম গ্রেডের টেকনিক্যাল পদের ক্ষেত্রে শূন্য পদে আবেদনকারী প্রার্থী সংখ্যা ১০০০ বা তার কম হলে অনলাইনে রেজিস্ট্রেশনের পর ২০০ নম্বরের লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে। লিখিত পরীক্ষার বিষয়ভিত্তিক নম্বর বণ্টন ও সময় নিম্নরূপ ঃ

| **ক্রমিক নম্বর** | **বিষয়** | **নম্বর** | **পাশ নম্বর** | **সময়** |
|---|---|---|---|---|
| ১. | বাংলা | ৪০ | সামগ্রিকভাবে ৪৫% ও টেকনিক্যাল বিষয়ে ৩০% | ৪ ঘণ্টা |
| ২. | ইংরেজি | ৪০ | | |
| ৩. | সাধারণ জ্ঞান | ৪০ | | |
| ৪. | প্রাসঙ্গিক টেকনিক্যাল বিষয় | ৮০ | | |
| | সর্বমোট | ২০০ | | |

ক.২ আবেদনকারী প্রার্থীর সংখ্যা ১০০০ এর বেশি হলে লিখিত পরীক্ষার পূর্বে প্রথমে ১০০ নম্বরের MCQ ধরনের বাছাই পরীক্ষা গ্রহণ করা হবে। বাছাই পরীক্ষার নম্বর বণ্টন ও সময় নিম্নরূপ ঃ

| **ক্রমিক নম্বর** | **বিষয়** | **নম্বর** | **সময়** |
|---|---|---|---|
| ১. | বাংলা | ২০ | ১ ঘণ্টা |
| ২. | ইংরেজি | ২০ | |
| ৩. | সাধারণ জ্ঞান<br>(বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলি) | ২০ | |
| ৪. | প্রাসঙ্গিক টেকনিক্যাল বিষয় | ৪০ | |
| | সর্বমোট | ১০০ | |

ক.৩ প্রার্থীগণ প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ নম্বর পাবেন; ভুল উত্তর দিলে প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ নম্বর কাটা যাবে।

ক.৪ পরীক্ষায় অংশ গ্রহণের ক্ষেত্রে প্রার্থীদের উপযুক্ততা এবং কৃতকার্যতা নির্ধারণে কমিশনের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

ক.৫ বাছাই পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের অনুচ্ছেদ ক.১ অনুযায়ী লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে।

ক.৬ লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের BPSC Form-3 ব্যবহারিক পরীক্ষা/মৌখিক পরীক্ষার পূর্বে গ্রহণ করা হবে।

**ক.৭ মৌখিক পরীক্ষার নম্বর হবে নিম্নরূপ ঃ**

| ক্রমিক নম্বর | বিষয় | নম্বর | পাশ নম্বর |
|---|---|---|---|
| ১. | ৯ম গ্রেড (টেকনিক্যাল) | ১০০ | ৪৫% |

ক.৮ ৯ম গ্রেডের টেকনিক্যাল পদের প্রার্থীদের অবশ্যই প্রাসঙ্গিক টেকনিক্যাল বিষয়ের লিখিত পরীক্ষায় ন্যূনতম ৩০% নম্বর পেতে হবে। কোনো প্রার্থী টেকনিক্যাল বিষয়ে ৩০% এর কম পেলে উক্ত প্রার্থী লিখিত পরীক্ষায় সামগ্রিকভাবে অকৃতকার্য বলে গণ্য হবেন। তবে লিখিত পরীক্ষায় টেকনিক্যাল বিষয় ব্যতিত অন্য কোনো বিষয়ে ২৫% এর কম পেলে প্রার্থী উক্ত বিষয়ে কোনো নম্বর পাননি মর্মে গণ্য হবে। সামগ্রিকভাবে সকল বিষয়ে গড়ে ৪৫% নম্বর পেলে প্রার্থী লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন মর্মে বিবেচিত হবেন। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের BPSC Form-3 গ্রহণপূর্বক প্রযোজ্য ক্ষেত্রে বিধি মোতাবেক ব্যবহারিক পরীক্ষা এবং মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে।

ক.৯ প্রার্থীকে লিখিত ও মৌখিক পরীক্ষায় আলাদা আলাদা ভাবে পাশ করতে হবে। অন্যথায় প্রার্থী সার্বিকভাবে অকৃতকার্য বিবেচিত হবেন।

**খ. ১০ম, ১১তম ও ১২তম গ্রেডের টেকনিক্যাল পদ ঃ**

খ.১ ১০ম, **১১তম ও ১২তম** গ্রেডের টেকনিক্যাল পদের ক্ষেত্রে শূন্য পদ এবং প্রার্থী সংখ্যা নির্বিশেষে ২০০ নম্বরের MCQ ধরণের লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে। পরীক্ষার নম্বর বণ্টন ও সময় নিম্নরূপ

| ক্রমিক নম্বর | বিষয় | নম্বর | সময় |
|---|---|---|---|
| ১. | বাংলা | ৪০ | ২ ঘণ্টা |
| ২. | ইংরেজি | ৪০ | |
| ৩. | সাধারণ জ্ঞান<br>(বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলি) | ৪০ | |
| ৪. | প্রাসঙ্গিক টেকনিক্যাল বিষয় | ৮০ | |
| | সর্বমোট | ২০০ | |

খ.২ প্রার্থীগণ প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য **১** নম্বর পাবেন; ভুল উত্তর দিলে প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ নম্বর কাটা যাবে।

খ.৩ পরীক্ষায় অংশ গ্রহণের ক্ষেত্রে প্রার্থীদের উপযুক্ততা এবং কৃতকার্যতা নির্ধারণে কমিশনের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

খ.৪ MCQ ধরনের লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের BPSC Form-3 গ্রহণপূর্বক প্রযোজ্য ক্ষেত্রে বিধি মোতাবেক ব্যবহারিক পরীক্ষা এবং মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে।

খ.৫ মৌখিক পরীক্ষার নম্বর নিম্নরূপ ঃ

| ক্রমিক নম্বর | বিষয় | নম্বর | পাশ নম্বর |
|---|---|---|---|
| ১. | ১০ম, ১১তম ও ১২তম গ্রেড (টেকনিক্যাল) | ৫০ | ৪০% |

২০. খ.৬ MCQ ধরনের লিখিত পরীক্ষার নম্বর মৌখিক পরীক্ষার নম্বরের সাথে যোগ করে মেধা তালিকা প্রণয়ন করা হবে এবং সংশ্লিষ্ট বিধি বিধান অনুযায়ী চূড়ান্ত ফলাফল প্রস্তুত করা হবে।

**নন টেকনিক্যাল পদের ক্ষেত্রে পরীক্ষা পদ্ধতি ঃ**

ক. **৯ম গ্রেডের নন-টেকনিক্যাল পদ**

ক.১ ৯ম গ্রেডের নন টেকনিক্যাল পদের ক্ষেত্রে শূন্য পদসংখ্যা নির্বিশেষে আবেদনকারী প্রার্থীর সংখ্যা ১০০০ বা তার কম হলে অনলাইনে রেজিস্ট্রেশনের পর ২০০ নম্বরের লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে। **লিখিত পরীক্ষার নম্বর বন্টন ও সময় নিম্নরূপ ঃ**

| ক্রমিক নম্বর | বিষয় | নম্বর | পাশ নম্বর | পরীক্ষার সময় |
|---|---|---|---|---|
| ১. | বাংলা | ৫০ | সামগ্রিকভাবে ৪৫% | ৪ ঘণ্টা |
| ২. | ইংরেজি | ৫০ | | |
| ৩. | সাধারণ জ্ঞান | ৪০ | | |
| ৪. | গণিত ও মানসিক দক্ষতা | ৬০ | | |
| | সর্বমোট | ২০০ | | |

ক.২ আবেদনকারী প্রার্থীর সংখ্যা ১০০০ এর বেশি হলে লিখিত পরীক্ষার পূর্বে প্রথমে ১০০ নম্বরের MCQ ধরনের বাছাই পরীক্ষা গ্রহণ করা হবে। **বাছাই পরীক্ষার নম্বর বন্টন ও সময় নিম্নরূপ ঃ**

| ক্রমিক নম্বর | বিষয় | নম্বর | সময় |
|---|---|---|---|
| ১. | বাংলা | ২৫ | ১ ঘণ্টা |
| ২. | ইংরেজি | ২৫ | |
| ৩. | সাধারণ জ্ঞান (বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলি) | ২৫ | |
| ৪. | গণিত ও দৈনন্দিন বিজ্ঞান | ২৫ | |
| | সর্বমোট | ১০০ | |

ক.৩ প্রার্থীগণ প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ নম্বর পাবেন; ভুল উত্তর দিলে প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ নম্বর কাটা যাবে।

ক.৪ পরীক্ষায় অংশ গ্রহণের ক্ষেত্রে প্রার্থীদের উপযুক্ততা এবং কৃতকার্যতা নির্ধারণে কমিশনের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

ক.৫ বাছাই পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের অনুচ্ছেদ ক.১ অনুযায়ী লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে।

ক.৬ লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের BPSC Form-3 গ্রহণপূর্বক প্রযোজ্য ক্ষেত্রে বিধি মোতাবেক ব্যবহারিক পরীক্ষা এবং মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে।

ক.৭ **মৌখিক পরীক্ষার নম্বর হবে নিম্নরূপ ঃ**

| ক্রমিক নম্বর | বিষয় | নম্বর | পাশ নম্বর |
|---|---|---|---|
| ১. | ৯ম গ্রেড (নন টেকনিক্যাল) | ১০০ | ৪৫% |

ক.৮ ৯ম গ্রেডের নন টেকনিক্যাল পদে লিখিত পরীক্ষার পাশ নম্বর গড়ে ৪৫% এবং মৌখিক পরীক্ষার পাশ নম্বর গড়ে ৪৫%। তবে লিখিত পরীক্ষার কোনো বিষয়ে ২৫% এর কম নম্বর পেলে প্রার্থী উক্ত বিষয়ে কোনো নম্বর পাননি মর্মে গণ্য হবে। কেবল লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবেন। প্রার্থীকে লিখিত ও মৌখিক পরীক্ষায় আলাদা আলাদা ভাবে পাশ করতে হবে। অন্যথায় প্রার্থী সামগ্রিক ভাবে অকৃতকার্য বিবেচিত হবেন।

**খ. ১০ম, ১১তম ও ১২তম গ্রেডের নন-টেকনিক্যাল পদ ঃ**

খ.১ ১০ম, **১১তম ও ১২তম** গ্রেডের নন-টেকনিক্যাল পদের ক্ষেত্রে শূন্য পদ এবং প্রার্থী সংখ্যা নির্বিশেষে ২০০ নম্বরের MCQ ধরণের লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে। পরীক্ষার নম্বর বণ্টন ও সময় নিম্নরূপ ঃ

| ক্রমিক নম্বর | বিষয় | নম্বর | সময় |
|---|---|---|---|
| ১. | বাংলা | ৫০ | ২ ঘণ্টা |
| ২. | ইংরেজি | ৫০ | |
| ৩. | সাধারণ জ্ঞান<br>(বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলি) | ৪০ | |
| ৪. | গণিত ও মানসিক দক্ষতা | ৬০ | |
| | সর্বমোট | ২০০ | |

খ.২ প্রার্থীগণ প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ নম্বর পাবেন; ভুল উত্তর দিলে প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ নম্বর কাটা যাবে।

খ.৩ পরীক্ষায় অংশ গ্রহণের ক্ষেত্রে প্রার্থীদের উপযুক্ততা এবং কৃতকার্যতা নির্ধারণে কমিশনের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

খ.৪ MCQ ধরনের লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের BPSC Form-3 গ্রহণপূর্বক প্রযোজ্য ক্ষেত্রে বিধি মোতাবেক ব্যবহারিক পরীক্ষা এবং মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে।

খ.৫ **মৌখিক পরীক্ষার নম্বর হবে নিম্নরূপ ঃ**

| ক্রমিক নম্বর | বিষয় | নম্বর | পাশ নম্বর |
|---|---|---|---|
| ১. | ১০ম, **১১তম ও ১২তম** গ্রেড (নন টেকনিক্যাল) | ৫০ | ৪০% |

খ.৬ MCQ ধরনের লিখিত পরীক্ষার নম্বর মৌখিক পরীক্ষার নম্বরের সাথে যোগ করে মেধা তালিকা প্রণয়ন করা হবে এবং সংশ্লিষ্ট বিধিবিধান অনুযায়ী চূড়ান্ত ফলাফল প্রস্তুত করা হবে।

২১.



**৯ম গ্রেডের টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল পদের লিখিত পরীক্ষার বিষয়ভিত্তিক সিলেবাস ও নম্বর বণ্টন ঃ**

**ক. নন-ক্যাডার ৯ম গ্রেডের টেকনিক্যাল পদের লিখিত পরীক্ষার বিষয়ভিত্তিক সিলেবাস ও নম্বর বণ্টন ঃ**

| ক্রমিক নম্বর নং | বিষয় ও সিলেবাস | নম্বর |
|---|---|---|
| ১. | বাংলা<br>পূর্ণমান-৪০<br>ক. রচনা<br>গ. সারাংশ/সারমর্ম-<br>ঘ. পত্র লিখনঃ ব্যক্তিগত পত্র, আবেদনপত্র, পত্রিকায় প্রকাশার্থে পত্র, ব্যবসা সংক্রান্ত পত্র, স্মারকলিপি।<br>ঙ. বঙ্গানুবাদ<br>ঙ. ব্যাকরণঃ ভাষার সংজ্ঞা, ভাষার রূপ, সাধুভাষা ও চলিত রীতির রুপান্তর, দেশি ও বিদেশি শব্দ, ণত্ববিধান ও ষত্ববিধানের সংজ্ঞা ও নিয়মাবলি, দ্বিরুক্ত শব্দ, পদ, ধাতু, উপসর্গ, অনুসর্গ, প্রকৃতি ও প্রত্যয়, যতি বা বিরাম চিহ্ন, শুদ্ধ ও অশুদ্ধ, বাগধারা, বাক্য সংকোচন, প্রতিশব্দ ও সমার্থক শব্দ, প্রায় সমোচ্চারিত শব্দ, একই শব্দের বিভিন্নার্থে প্রয়োগ। | <br><br>১৫<br>০৫<br>০৫<br>০৫<br>১০ |
| ২. | ইংরেজি<br>পূর্ণমান-৪০<br>a. Essay (With hints)<br>b. Letter: Official/ Demi-Official/ Memorandum/ Business Type.<br>c. Comprehension<br>d. Grammar: Use of verb, Preposition, Voice, Narration, Correction of errors in composition, use of words having similar pronunciation but conveying different meaning, use of idioms and phrases. | <br><br>15<br>05<br>10<br>10 |

| | | |
|---|---|---|
| ৩. | সাধারণ জ্ঞান<br>পূর্ণমান-৪০ | |
| | ক. বাংলাদেশ বিষয়াবলি ঃ<br>বাংলাদেশের সংবিধান, বাংলাদেশের ভৌগোলিক অবস্থা, জনসংখ্যা, মুক্তিযুদ্ধ ও স্বাধীনতার ইতিহাস, শিল্প ও সাহিত্য, প্রাকৃতিক ও খনিজ সম্পদ, জলবায়ু, পরিবেশ, বাংলাদেশের উন্নয়নে কৃষি, শিল্প, বাণিজ্যের অবদান, উন্নয়ন পরিকল্পনা। | ১৫ |
| | খ. আন্তর্জাতিক বিষয়াবলিঃ<br>বাংলাদেশের পররাষ্ট্র নীতি ও আন্তর্জাতিক সম্পর্ক, জাতিসংঘ ও এর অঙ্গ সংগঠনসমূহ, আন্তর্জাতিক আর্থিক প্রতিষ্ঠান সমূহ, গ্লোবালাইজেশন, আঞ্চলিক ও আন্তর্জাতিক সংস্থাসমূহ, বিশ্বের বিখ্যাত ব্যক্তি, প্রতিষ্ঠান বা স্থান সমূহ। | ১৫ |
| | গ. বিজ্ঞান ও প্রযুক্তিঃ<br>দৈনন্দিন বিজ্ঞান, বায়ু, মাটি, তাপ, বিদ্যুৎ, আলো, চুম্বক, খাদ্যের উপাদান, জনস্বাস্থ্য, দূষণ, কম্পিউটার। | ১০ |
| ৪. | প্রাসঙ্গিক টেকনিক্যাল বিষয়<br>পূর্ণমান-৮০ | |
| | ক. তাত্ত্বিক বিষয় (Theoretical). | ৩০ |
| | খ. ব্যবহারিক বা প্রায়োগিক বিষয় (Application) | ৫০ |

**খ. নন ক্যাডার ৯ম গ্রেডের নন টেকনিক্যাল পদের লিখিত পরীক্ষার বিষয়ভিত্তিক সিলেবাস ও নম্বর বন্টন ঃ**

| ক্রমিক | বিষয় ও সিলেবাস | নম্বর |
|---|---|---|
| ১. | বাংলা<br>পূর্ণমান-৫০ | |
| | ক. রচনা | ১৫ |
| | খ. সারাংশ/সারমর্ম | ০৫ |
| | গ. পত্র লিখনঃ ব্যক্তিগত পত্র, আবেদনপত্র, পত্রিকায় প্রকাশার্থে পত্র, ব্যবসা সংক্রান্ত পত্র, স্মারকলিপি। | ১০ |
| | ঘ. বঙ্গানুবাদ | ০৫ |
| | ঙ. ব্যাকরণঃ ভাষার সংজ্ঞা, ভাষার রূপ, সাধুভাষা ও চলিত রীতির রুপান্তর, দেশি ও বিদেশি শব্দ, ণত্ববিধান ও ষত্ববিধানের সংজ্ঞা ও নিয়মাবলি, দ্বিরুক্ত শব্দ, পদ, ধাতু, উপসর্গ, অনুসর্গ, প্রকৃতি ও প্রত্যয়, যতি বা বিরাম চিহ্ন, শুদ্ধ ও অশুদ্ধ, বাগধারা, বাক্য সংকোচন, প্রতিশব্দ ও সমার্থক শব্দ, প্রায় সমোচ্চারিত শব্দ, একই শব্দের বিভিন্নার্থে প্রয়োগ। | ১৫ |

| | | |
|---|---|---|
| ২. | ইংরেজি<br>পূর্ণমান-৫০<br>a. Essay (with hints)<br>b. Letter: Official/ Demi-Official/ Memorandum/ Business Type.<br>c. Comprehension<br>d. Grammar: Use of verb, Preposition, Voice, Narration, Correction of errors in composition, use of words having similar pronunciation but conveying different meaning, use of idioms and phrases. | <br><br>15<br>10<br>10<br>15 |
| ৩. | সাধারণ জ্ঞান<br>পূর্ণমান-৪০<br>ক. বাংলাদেশ বিষয়াবলিঃ<br>বাংলাদেশের সংবিধান, বাংলাদেশের ভৌগোলিক অবস্থা, জনসংখ্যা, মুক্তিযুদ্ধ ও স্বাধীনতার ইতিহাস, শিল্প ও সাহিত্য, প্রাকৃতিক ও খনিজ সম্পদ, জলবায়ু, পরিবেশ, বাংলাদেশের উন্নয়নে কৃষি, শিল্প, বাণিজ্যের অবদান, উন্নয়ন পরিকল্পনা।<br>খ. আন্তর্জাতিক বিষয়াবলিঃ<br>বাংলাদেশের পররাষ্ট্র নীতি ও আন্তর্জাতিক সম্পর্ক, জাতিসংঘ ও এর অঙ্গ সংগঠনসমূহ, আন্তর্জাতিক আর্থিক প্রতিষ্ঠান সমূহ, গ্লোবালাইজেশন, আঞ্চলিক ও আন্তর্জাতিক সংস্থাসমূহ, বিশ্বের বিখ্যাত ব্যক্তি, প্রতিষ্ঠান বা স্থানসমূহ।<br>গ. বিজ্ঞান ও প্রযুক্তিঃ<br>দৈনন্দিন বিজ্ঞান, বায়ু, মাটি, তাপ, বিদ্যুৎ, আলো, চুম্বক, খাদ্যের উপাদান, জনস্বাস্থ্য, দূষণ, কম্পিউটার। | ১৫<br>১৫<br>১০ |
| ৪. | গণিত ও মানসিক দক্ষতা<br>পূর্ণমান-৬০<br>১. পাটি গণিতঃ সেট ও সংখ্যা, সরল, গড়, লাভ-ক্ষতি, শতকরা, সুদকষা, ক্ষেত্রফল, অনুপাত, সমানুপাত।<br>২. বীজ গণিতঃ বর্গ ও ঘন এর সূত্র এবং এর ব্যবহার, ল.সা. গু, গ. সা. গু, উৎপাদকে বিশ্লেষণ, সমাধান, মান নির্ণয় ইত্যাদি।<br>৩. জ্যামিতিঃ প্রাথমিক ধারণা ও সংজ্ঞা, রেখা, বিন্দু, কোণ, ত্রিভুজ, চতুর্ভুজ সম্পর্কীয় বিষয়াদি; ক্ষেত্রফল ও বৃত্ত সম্পর্কীয় বিষয়াদি, ত্রিকোণমিতি ইত্যাদি।<br>৪. মানসিক দক্ষতা ঃ Ability to understand language, decision making ability, ability to measure spatial relationship and direction, problem solving ability, perceptual ability etc. | <br><br>১৫<br>১৫<br>১০<br>২০ |

২২. লিখিত পরীক্ষার বিষয়ভিত্তিক সিলেবাস কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd এ পাওয়া যাবে।

২৩. **লিখিত পরীক্ষায় উত্তর প্রদানের ভাষা ঃ** বাংলা, ইংরেজি ও অন্যান্য ভাষা সম্পর্কিত বিষয়ের প্রশ্নের উত্তর সংশ্লিষ্ট ভাষাতেই লিখতে হবে। অন্যান্য বিষয়ের প্রশ্নের উত্তর বাংলা বা ইংরেজি-এর যেকোনো একটি'তে লিখা যাবে। একটি বিষয়ের উত্তরে উভয় ভাষা ব্যবহার করা যাবে না তবে technical শব্দসমূহ ইংরেজিতে লেখা যাবে। কোনো বিষয়ের প্রশ্নপত্রে অন্য কোনোরূপ নির্দেশ থাকলে উক্ত বিষয়ের ক্ষেত্রে ঐ নির্দেশ অনুযায়ী প্রশ্নোত্তর লিখতে হবে।

২৪. এই বিজ্ঞপ্তিতে যেসকল শর্ত আরোপ করা হয়েছে তা আবেদনপত্র (BPSC Form-5A ও BPSC Form-3) এর কোনো শর্তের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ না হলে এই বিজ্ঞপ্তির শর্তই চূড়ান্ত বলে গণ্য হবে। তবে কোনো বিষয় অনুল্লিখিত থাকলে অথবা ব্যাখ্যার প্রয়োজন হলে কমিশন এ ব্যাপারে প্রয়োজনীয় সিদ্ধান্ত প্রদান করবে।

২৫. **প্রার্থীকে অবশ্যই মৌখিক পরীক্ষার বোর্ডে অতিরিক্ত ০১(এক) সেট বিপিএসসি ফরম-৩ ওয়েবসাইট থেকে ডাউনলোডপূর্বক যথাযথভাবে পূরণ করে শিক্ষাগত যোগ্যতার সকল সনদের সত্যায়িত কপি, অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে), জাতীয় পরিচায়পত্রের সত্যায়িত কপি, চাকুরিরত প্রার্থীদের নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক সিল স্বাক্ষরিত ছাড়পত্রের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে), এপ্লিকেন্টস্ কপি, প্রবেশপত্রে কপি এবং কমিশন কর্তৃক চাহিত অন্যান্য তথ্যাদি জমা দিতে হবে। প্রত্যেক ডকুমেন্টের উপর অবশ্যই রেজিস্ট্রেশন নম্বর লিখতে হবে।**

২৬. মৌখিক পরীক্ষার বোর্ডে শিক্ষা বোর্ড এবং বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সকল মূল অথবা সাময়িক সনদের কপি, অভিজ্ঞতা সনদের মূলকপি এবং জাতীয় পরিচয়পত্র অবশ্যই দাখিল করতে হবে। সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত/স্থানীয় সংস্থায় চাকুরিরত প্রার্থীদেরকে বিপিএসসি ফরম-৩ এর সাথে সংযুক্ত ছাড়পত্রের ফরমে নিয়োগকারী কর্তৃপক্ষের সিল, স্বাক্ষর গ্রহণ করে এর মূল কপি এবং সত্যায়িত ফটোকপি মৌখিক পরীক্ষার বোর্ডে দাখিল করতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না। মৌখিক পরীক্ষার জন্য আলাদাভাবে প্রার্থীদের নামে কোনো সাক্ষাৎকারপত্র প্রেরণ করা হবে না। অনলাইনে রেজিস্ট্রেশনকালে ডাউনলোডকৃত প্রবেশপত্রই মৌখিক পরীক্ষার জন্য প্রযোজ্য হবে।

২৭. প্রার্থীদের অতিরিক্ত তথ্য পাওয়ার জন্য বিপিএসসি এর ওয়েবসাইট নিয়মিতভাবে ভিজিট করতে হবে। এছাড়া কর্ম কমিশন সচিবালয়ে অফিস চলাকালিন সকাল ১০.০০ টা থেকে বিকাল ৪.০০ টা পর্যন্ত ৫৫০০৬৬৫৭ এবং ৫৫০০৬৮৩৪ টেলিফোন নম্বরে যোগাযোগ করে তথ্য জানা যাবে।

২৮. **নতুন পদ সৃষ্টি, পদোন্নতি, অবসর গ্রহণ, মৃত্যু, পদত্যাগ অথবা অপসারণ ইত্যাদি জনিত কারণে বিজ্ঞাপিত পদসংখ্যা বাড়ানো হতে পারে।**

২৯. **কেন্দ্রভিত্তিক রেজিস্ট্রেশন নম্বর ঃ প্রার্থীকে ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ কেন্দ্রের মধ্যে যেকোনো একটি কেন্দ্রের বিপরীতে অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। প্রার্থী যে কেন্দ্র নির্বাচন করবেন সে কেন্দ্রের জন্য নির্ধারিত রেজিস্ট্রেশন নম্বরের রেঞ্জ হতে কম্পিউটারাইজড পদ্ধতিতে প্রার্থীকে রেজিস্ট্রেশন নম্বর প্রদান করা হবে। তবে বাছাই/লিখিত পরীক্ষা এবং মৌখিক পরীক্ষা কেবলমাত্র ঢাকায় অনুষ্ঠিত হবে।**

৩০ **বিজ্ঞাপনে উল্লিখিত পদ/পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটানীতি অনুসরণ করা হবে।**

৩১. আবেদনপত্র অনলাইনে পূরণ, এসএমএস এর মাধ্যমে ফি জমাদান এবং প্রবেশপত্র প্রাপ্তি সংক্রান্ত (বিজ্ঞপ্তি) নির্দেশাবলি এবং অন্যান্য পালনীয় বিষয়সমূহ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের Web address : www.bpsc.gov.bd এবং টেলিটকের Web address : http://bpsc.teletalk.com.bd এ পাওয়া যাবে।

**শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।**

৯.৯.১৮

[আ.ই.ম নেছার উদ্দিন]
পরীক্ষা নিয়ন্ত্রক [নন-ক্যাডার]